# সহীহ ফিক্বহুস সুন্নাহ

বিভাগ/অধ্যায়ঃ ত্বহারাত অধ্যায়

রচয়িতা/সঙ্কলকঃ আবূ মালিক কামাল বিন আস-সাইয়্যিদ সালিম

ত্বহারাতের প্রকারভেদ

আলিমগণ শারঈ ত্বহারাতকে দু‘ভাগে ভাগ করেছেন। যথা:

১। طهارة حقيقية বা প্রকৃত পবিত্রতা:

এ প্রকার ত্বহারাত হলো: ময়লা বা নাপাকী হতে পবিত্রতা অর্জন করা। আর এ ত্বহারাত শরীর, কাপড় ও স্থানের ক্ষেত্রে প্রযোজ্য।

২। طهارة حكمية বিধানগত পবিত্রতা:

এ প্রকার ত্বহারাত হলো: অপবিত্রতা থেকে পবিত্রতা অর্জন। আর এটা শরীরের সাথে নির্দিষ্ট। এ প্রকার ত্বহারাত তিন ধরণের হয়ে থাকে। যথা:

(ক) বড় ধরণের পবিত্রতা। তা হলো, গোসল করা।

(খ) ছোট ধরণের পবিত্রতা অর্জন। তা হলো, ওযূ করা।

(গ) অপারগতা বশতঃ গোসল ও ওযূর পরিবর্তে তায়াম্মুম করা।

**طهارة حقيقية** বা প্রকৃত পবিত্রতার বিবরণ

নাজাসাত দ্বারা উদ্দেশ্য:

নাজাসাত হলো ত্বহারাত এর বিপরীত শব্দ। পরিভাষায়, শরীয়াত নির্ধারিত নাপাকীর নাম নাজাসাত। মুসলমানদের জন্য এরূপ নাজাসাত থেকে পবিত্রতা অর্জন করা এবং তা শরীর বা কাপড়ে লেগে গেলে ধৌত করা ওয়াজিব।

Source — https://www.hadithbd.com/books/link/?id=3133

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন